ছেলে হোক বা মেয়ে হোক দুজনে সমান
মা-বাবাকে শ্রদ্ধা করে আছে আনেক প্রমান।

ভূমিষ্ট হইলে কন্যা মনে কষ্ট পাই
কেমনেতে দেব বিয়ে থাকে দুশ্চিন্তায়।
এই ভাবনা থাকে মাথায় সারাটি জীবন
ছেলে হোক বা মেয়ে হোক দুজনে সমান।

ছেলেটি কখন খাবে ভাবি গো সবাই
মেয়েটির কোন কিন্তু খোঁজ-খবর নাই।
মায়ের হাতের কাজ কমায় ছেলে খেলে সে সময়
ছেলে হোক বা মেয়ে হোক দুজনে সমান।

ছেলে-মেয়ে দুজনেতে ইস্কুলেতে যায়
পড়াশোনাতে এগিয়ে মেয়েরাই সর্বদায়।
মায়ের হাতের কাজ কমায় ছেলে খেলে সে সময়
ছেলে হোক বা মেয়ে হোক দুজনে সমান।

কন্যাশ্রী প্রকল্প চালু করেছে ভাই
আঠেরো বছর মেয়েটিরে স্কুলে যাওয়া চাই।
বিয়ের চিন্তা তোমাদের নাই শোনো মহাবাবাগণ
ছেলে হোক বা মেয়ে হোক দুজনে সমান।

আমাদের সরকার থেকে আরো আইন করে
ভাতাস্বরূপ পাঁচশ টাকা দেবে মেয়েটিরে।
স্কুলেতে পাঠাও সব মেয়েরে গ্রামেতে বলি সর্বক্ষণ
ছেলে হোক বা মেয়ে হোক দুজনে সমান।

© Dept. of English, V.U.

মেয়েদের নিয়ে মুখ্যমন্ত্রী ভাবেন সর্বদাই
সবদিক থেকে মেয়েরা এগোবে শিক্ষায়।
সবার মা-বাবারা চায় মেয়েদের আনন্দ-জীবন
ছেলে হোক বা মেয়ে হোক দুজনে সমান।

ছেলে হোক বা মেয়ে হোক দুজনে সমান
মা-বাবাকে শ্রদ্ধা করে আছে আনেক প্রমান।

© Dept. of English, V.U.

# *Pata Palas*

IPA Transcription of the *pala* by Prabir Chitrakar

On ‘Gender equality’

//cʰele hok/ ba meje hok/ duɟone sɔman/
ma babake ʃrɔddʰa kɔre/ acʰe anek prɔman//

//bʰumiʃt̪ɔ hoi̯le konna mɔne kɔʃt̪ɔ pae̯/
kɛmɔnete debɔ bije tʰake duʃcintae̯/
ei̯ bʰabna tʰake matʰae̯ sarat̪i ɟibɔn/
cʰele hok/ ba meje hok/ duɟone sɔman//

//cʰelet̪i kɔkʰɔn kʰabe bʰabi go sɔbai̯/
mejet̪ir kono kintu kʰõɟ kʰɔbɔr nai̯/
majer hater kaɟ kɔmae̯ cʰele kʰele se sɔmɔe̯/
cʰele hok/ ba meje hok/ duɟone sɔman//

//cʰele meje duɟɔnete iskulete jae̯/
pɔɽaʃunate egije mejerai̯ sɔrbɔdae̯/
majer hater kaɟ kɔmae̯ cʰele kʰele se sɔmɔe̯/
cʰele hok/ ba meje hok/ duɟone sɔman//

//konnaʃri prɔkɔlpɔ calu korecʰe bʰai̯/
at̪ʰerɔ bɔchɔr mejet̪ire skule jao̯wa cai̯/
bijer cinta tomader nai̯/ ʃono mɔhababagɔn/
cʰele hok/ ba meje hok/ duɟone sɔman//

//amader sɔrkar tʰeke aro ai̯n kore
bʰatasɔrup pãcʃɔ t̪aka debe mejet̪ire//
skulete pat̪hao̯ sɔb mejere gramete boli sɔrbɔkkʰɔn/
cʰele hok/ ba meje hok/ duɟone sɔman//

//mejeder nije mukkʰomontri bʰaben sɔebɔdai̯/
sɔbdik tʰeke mejera egobe ʃikkʰae̯//
sɔbar ma babara cae̯/ meyeder anɔndɔ ɟibɔn/
cʰele hok/ ba meje hok/ duɟone sɔman//

//cʰele hok/ ba meje hok/ duɟone sɔman/
ma babake ʃrɔddʰa kɔre/ acʰe anek prɔman//

© Dept. of English, V.U.